## কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সাম্প্রতিক বছর সমূহের(৩বছর) প্রধান অর্জন সমূহ :

যুবদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে যুবদের উদ্বদ্ধকরণ, প্রশিক্ষণদান, প্রশিক্ষণোত্তর সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্তে গত ০৩ (তিন) বছরে সিলেট জেলায়, বিশ্বনাথ উপজেলায় ১০৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, =৭৭১৫০০০/- টাকা প্রশিক্ষণোত্তর ২৬৯ জনকে ঋণ বিতরণের মাধ্যমে ২৯৯ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বি করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ যুব জনসংখ্যা ক্রমবর্ধমানঃ :

ক্রমবর্ধমান যুব সংখ্যাকে যুবশক্তিতে রুপান্তর করা একটি চ্যালেঞ্জ।দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়েতোলাসহ আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানিকরা একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যত পরিকল্পনাঃ

শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনালসার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশবিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজবিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে।ই-লার্নিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে।আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

**২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ**

- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৪২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৬০জনকে =১৬৩০০০০/- টাকা ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা।
- আত্মকর্মসংস্থান মূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণ পূর্বক ৬১ জন আত্মকর্মী সৃষ্টি।
- সমাজবিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে ১টি অনুষ্ঠান আয়োজন ও সচেতনতাসৃষ্টি।
- ১টি যুবসংগঠন নিবন্ধন
- ০৩ জনকে উদ্যক্তা ঋণ প্রদান।

আমি, মোঃ মাহবুব আলম সরকার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট হিসেবে, উপপরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জনাব মোঃ রফিকুল ইসলাম শামীম, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট হিসেবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারিখ: ২৭/০৬/২৪ খ্রি:
যুব উন্নয়ন অধিদপ্তর,
বিশ্বনাথ, সিলেট।

উপপরিচালক, তারিখ: ২৭/০৬/২৪ খ্রি:
যুব উন্নয়ন অধিদপ্তর,
সিলেট।